



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শের-ই-বাংলা নগর

ঢাকা-১২০৭

স্মারক নং- বাকাশিবো/প-ভোক/২০১৫/৪৩/২১৪০

তারিখ: ১০.০৫.২০১৫ খ্রিঃ

জাতীয় দক্ষতামান- III টেস্ট পরীক্ষায় অংশগ্রহণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের অধীন এসএস সি/ দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম প্রবিধান এর ৮.৬ ধারা মোতাবেক ৯ম ও ১০ম শ্রেণির সকল বিষয়ে অথবা ট্রেড বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীগণ বোর্ড নির্ধারিত নম্বরের স্কিল টেস্টে অংশগ্রহণের মাধ্যমে জাতীয় দক্ষতামান- III এবং II অর্জন করতে পারবে।

জাতীয় দক্ষতামান- III টেস্টে অংশগ্রহণ করতে ইচ্ছুক ৯ম শ্রেণির সকল বিষয়ে উত্তীর্ণ অথবা ট্রেড বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে নির্ধারিত ফি জমা দিয়ে বোর্ড নির্ধারিত কেন্দ্রের মাধ্যমে অন-লাইনে ফরম পূরণ করতে হবে।

- ২০ জুন ২০১৫ইং তারিখ বোর্ড নির্ধারিত কেন্দ্রসমূহে এই টেস্ট অনুষ্ঠিত হবে।
- টেস্টে অংশগ্রহণের জন্য ফরম পূরণের তারিখ ও সময়সূচি এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্যাদি এতদসহ বোর্ডের ওয়েব সাইটের মাধ্যমে বিস্তারিতভাবে জানা যাবে। এ সংক্রান্ত চূড়ান্ত তালিকা যথারীতি বোর্ডের ওয়েব-সাইটে প্রকাশ করা হবে।
- নিম্নোক্ত ছক মোতাবেক পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্রে আবেদন দাখিল চূড়ান্ত তালিকা তৈরী, অন-লাইন ফরম ফিলাপ এবং ডিডিসহ হার্ডকপি বোর্ডে জমা করতে হবে।

কেন্দ্রে আবেদনের শেষ তারিখ	চূড়ান্ত তালিকা তৈরী	অন-লাইনে ফরম পূরণ	ডিডিসহ হার্ড কপি বোর্ডে জমা
২৮.০৫.২০১৫খ্রিঃ	০২.০৬.২০১৫ খ্রিঃ	০৮.০৬.২০১৫ খ্রিঃ	১১.০৬.২০১৫ খ্রিঃ

- সংশ্লিষ্ট প্রবিধান (বোর্ডের ওয়েব-সাইটে দেয়া) মোতাবেক পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিস্তারিত তথ্যের জন্য ওয়েব-সাইট ও অনুমোদিত প্রতিষ্ঠান/কেন্দ্রে যোগাযোগ করা যেতে পারে।
- জাতীয় দক্ষতামান- III টেস্ট পরীক্ষাটি বোর্ড কর্তৃক প্রণীত প্রশ্নমালার ভিত্তিতে একযোগে সংশ্লিষ্ট সকল কেন্দ্রে গ্রহণ করা হবে।
- জাতীয় দক্ষতামান- III পরীক্ষায় উত্তীর্ণগণ জাতীয় দক্ষতামান-II পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৯১১৩২৮৩ (অফিস)